

# সূত্র

প্রিন্ট: ২১ সেপ্টেম্বর ২০২৫, ০৩:২১ পিএম

শিক্ষাঙ্গন

## রাকসু নির্বাচন: ছুটির দিনেও জমজমাট প্রচারণা



রাবি প্রতিনিধি

প্রকাশ: ১৯ সেপ্টেম্বর ২০২৫, ১০:০০ পিএম



পঞ্চম দিনের মতো চলছে রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু), হল সংসদ ও সিনেট ছাত্র প্রতিনিধি নির্বাচনের প্রচারণা। ক্যালেন্ডারের পাতায় শুক্রবার সাপ্তাহিক ছুটির দিন হওয়া সত্ত্বেও প্রার্থীদের প্রচারণায় কোনো কমতি দেখা যায়নি।

সকালের দিকে ক্যাম্পাসে আনাগোনা কম থাকলেও দুপুরের পর থেকে আবার প্রচারণায় মুখর হয়ে উঠতে শুরু করে পুরো ক্যাম্পাস।

শুক্রবার (১৯ সেপ্টেম্বর) হওয়ায় সকালের দিকে বিশ্ববিদ্যালয় সংলগ্ন মেসগুলোতে নিজেদের প্রচারণা নিয়ে হাজির হন প্রার্থীরা। যেহেতু ছুটির দিনে শিক্ষার্থীরা মেসে বেশি সময় কাটান। এ সুযোগকে কাজে লাগিয়ে প্রার্থীরা ভোটারদের দ্বারে দ্বারে ছুটে গিয়েছেন, বিতরণ করছেন নিজেদের পরিচিতি ছাপানো লিফলেট ও পোস্টার।

দুপুরের দিকে জুমার নামাজ শেষে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ প্রাঙ্গণ ও শহীদ মিনার চত্বরকে কেন্দ্র করে প্রচারণার এক ভিন্ন চিত্র দেখা যায়। নামাজ শেষে বেরিয়ে আসা শিক্ষার্থীদের কাছে ভোট চাইতে জড়ো হন বিভিন্ন প্যানেল ও স্বতন্ত্র প্রার্থীরা।

এ সময় ভোটারদের দৃষ্টি আকর্ষণে বিভিন্ন অভিনবত্বে ভরা লিফলেট ও পোস্টার বিলি করেন। টাকা ও পত্রিকার আদলে তৈরি করা পোস্টার, দলিলের মতো দেখতে এসব লিফলেট ভোটারদের মধ্যে বেশ আগ্রহ তৈরি করেছে।

দুপুরে কেন্দ্রীয় মসজিদে প্রচারণায় যান ছাত্রদল সমর্থিত প্যানেলের সহ-সভাপতি (ভিপি) পদপ্রার্থী শেখ নূর উদ্দিন আবীর। তিনি বলেন, ‘মসজিদে জুমার নামাজের পরে সবার কাছে দোয়া চেয়েছি। তারপর আজকের মতো প্রচারণায় নেমেছি। সময় অল্প, কিন্তু আমরা প্রচুর পরিশ্রম করে যাচ্ছি সব শিক্ষার্থীদের কাছে পৌঁছানোর জন্য। আমরা শিক্ষার্থীদের কাছে যত যাচ্ছি, তত আশা পাচ্ছি। তারা ছাত্রদল-সমর্থিত ‘ঐক্যবদ্ধ নতুন প্রজন্ম’ প্যানেলের প্রার্থীদের ডাকে ভালো সাড়া দিচ্ছেন।’

‘গণতান্ত্রিক শিক্ষার্থী পর্ষদ’ প্যানেল মনোনীত ভিপি পদপ্রার্থী ফুয়াদ রাতুল বলেন, নির্বাচন কমিশন বার বার তফসিল পরিবর্তনের ফলে প্রচারণার সময় কমে এসেছে। যেখানে অন্য বিশ্ববিদ্যালয়গুলোতে নির্বাচনী প্রচারণায় কমপক্ষে ১৫ দিন সময় বরাদ্দ ছিল, সেখানে আমাদের এই বিপুলসংখ্যক শিক্ষার্থীদের কাছে পৌঁছানোর জন্য কম সময় পাচ্ছি। তবুও আমরা চেষ্টা করে যাচ্ছি সবার কাছে পৌঁছানোর। ছুটির দিনে সকাল থেকে ক্যাম্পাসে প্রচারণা চালাচ্ছি। যদিও সকালে উপস্থিতি কম ছিল, দুপুরের পর থেকে শিক্ষার্থীদের ভালোই সাড়া পাচ্ছি।

পত্রিকার আদলে তৈরি লিফলেট দিয়ে প্রচারণা চালাচ্ছিলেন কেন্দ্রীয় সংসদে সহকারী-মিডিয়া ও প্রকাশনা সম্পাদক মুনান হাওলাদার। কথা হয় তার সঙ্গে। তিনি বলেন, শিক্ষার্থীদের অধিকার আদায়ের লড়াইয়ে কোনো ছুটির দিন থাকতে পারে না। প্রতিদিন সকাল থেকে রাত পর্যন্ত প্রচারণা চালাচ্ছি। আজ সকালে বিভিন্ন মেসগুলোতে প্রচারণা চালিয়েছি। এখন আবার ক্যাম্পাসে। আমি প্রতিটি শিক্ষার্থীর কাছে পৌঁছাতে চাই, তাদের কথা সরাসরি শুনতে চাই। একটু ভিন্ন ধরনের লিফলেট বানিয়েছি, যা আমার পদসংশ্লিষ্ট। শিক্ষার্থীদের থেকেও ব্যাপক সাড়া পাচ্ছি।

প্রার্থীদের থেকে লিফলেট পেয়ে উচ্ছ্বাস প্রকাশ করে ইতিহাস বিভাগের শিক্ষার্থী নাজমুল ইসলাম বলেন, রাকসু নির্বাচনকে কেন্দ্র করে পুরো ক্যাম্পাসজুড়ে যেন একটি উৎসবের আমেজ তৈরি হয়েছে। ছুটির দিনগুলোতেও প্রার্থীদের সরব পদচারণা দেখে মনে হচ্ছে, এ যেন এক সত্যিকারের উৎসব। মসজিদ থেকে নামাজ শেষে বের হয়েই যখন দেখি প্রার্থীরা সুন্দর সুন্দর লিফলেট বিতরণ করছেন, তখন এই পুরো পরিবেশটা অনেক ভালো লাগছে।